যুগান্তর

তারিখ 10 DEC 2017 পৃষ্ঠা ৩ কলাম ৭

শিশুদের ভর্তি পর্ব

# অভিভাবকদের স্কুলে স্কুলে দৌড়ঝাঁপ

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর হাইস্কুলগুলোতে শিশুভর্তি কার্যক্রম পুরোদমে চলছে। অভিভাবকরা প্রিয় সন্তানকে ভর্তির জন্য এ-স্কুল থেকে ও-স্কুলে দৌড়ঝাঁপ করছেন। সন্তানের ভর্তি নিশ্চিতে অনেকেই একাধিক স্কুলে আবেদন করেছেন। ভর্তি নিয়ে তাদের অনেকেরই দুশ্চিন্তার শেষ নেই।

**রাজধানীর নামিদামি কয়েকটি স্কুলে লটারি এ সপ্তাহেই**

শনিবার ঢাকার বিখ্যাত দুই স্কুল বীরশ্রেষ্ঠ মুন্সি আবদুর রউফ ও বিএএফ শাহীন স্কুলে প্রাক-প্রাথমিক স্তরে ভর্তির লক্ষ্যে লটারি কার্যক্রম শেষ হয়। এর আগে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক স্কুলে প্রাক-প্রাথমিকে ভর্তির লটারি শেষ হয়েছে। আজ ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণীর চার দিনব্যাপী লটারি কার্যক্রম শুরু হবে। ১২ ডিসেম্বর শিশু শ্রেণীতে ভর্তির লটারি করবে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। পরদিন মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের লটারি পর্ব।

বেসরকারি পাশাপাশি রাজধানীর সরকারি হাইস্কুলগুলোতেও ভর্তি প্রক্রিয়া চলছে। ১ ডিসেম্বর থেকে নেয়া হচ্ছে আবেদন। আগামী ১৪ ডিসেম্বর পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন গ্রহণ শেষে প্রথম শ্রেণীর ভর্তি লটারি ২৬ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীর ভর্তি পরীক্ষা চলবে ১৯ থেকে ২১ ডিসেম্বর পর্যন্ত। ৩০ ডিসেম্বর ফলাফল প্রকাশ করা হবে। গতবারের মতোই ঢাকা মহানগরের সরকারি ৩৭টি মাধ্যমিক স্কুল 'এ' 'বি' ও 'সি' তিনটি ভাগে ভাগ করা হয়েছে। 'এ' ক্যাটাগরিতে ১৩টি, 'বি' ক্যাটাগরিতে ১২টি ও 'সি' ক্যাটাগরিতে ১২টি স্কুল আছে। 'এ' ক্যাটাগরির স্কুলে ভর্তি পরীক্ষা ১৯, 'বি' ক্যাটাগরিতে ২০ এবং 'সি' ক্যাটাগরিতে পরীক্ষা ২১ ডিসেম্বর নেয়া হবে।

বেসরকারি হাইস্কুলে ভর্তির নীতিমালা অনুযায়ী, ৬ ও এর বেশি বয়সীরা প্রথম শ্রেণীতে ■ পৃষ্ঠা ৭ : কলাম ১

## অভিভাবকদের স্কুলে স্কুলে দৌড়ঝাঁপ

(৩য় পৃষ্ঠার পর)

ভর্তির আবেদন করতে পারছে। এর কম বয়সীদের বিভিন্ন স্কুল ভর্তি নিচ্ছে। সাধারণত রাজধানীর বিখ্যাত ও মানসম্মত স্কুলের বেশির ভাগে প্রাক-প্রাথমিক স্তর আছে। ওইসব প্রতিষ্ঠানে কোথাও শিশু শ্রেণী আবার কোথাও প্লে বা নার্সারি স্তর থেকে শিক্ষার্থী ভর্তি নেয়া হচ্ছে। এমন স্কুলগুলোর একটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। প্রতিষ্ঠানের অধ্যক্ষ ড. উম্মে সালেমা বেগম যুগান্তরকে বলেন, 'সাধারণত একেকটি স্কুলের নির্দিষ্ট দর্শন আছে। শিক্ষার্থীদের নিজেদের মতো করে ছোট থেকেই গড়ে তুলতে কেউ কেউ প্রথম শ্রেণীর আগে থেকে ভর্তি নেয়। আমরাও শিশু শ্রেণীতে শিক্ষার্থীর এন্ট্রি পয়েন্ট করেছি। তবে আসন খালি থাকলে প্রথম বা অন্য শ্রেণীতেও শিক্ষার্থী ভর্তি নেয়া হয়। বার্ষিক পরীক্ষার পর ছাড়া শূন্য আসন নির্ণয় সম্ভব হয় না।'

জানা গেছে, এই স্কুলে শিক্ষার্থী বাছাইয়ে দুটি পদ্ধতি অনুসরণ করা হয়। প্রাক-বাছাইয়ের পর লটারিতে ভর্তি নেয়া হয়। এবার শিশু শ্রেণীতে বাংলা ভার্সনে ১৮০ ও ইংরেজিতে ৬০ জন ভর্তি নেয়া হবে। ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, পোষ্য, মুক্তিযোদ্ধা এবং শিক্ষা মন্ত্রণালয়ের কোটায় ৪৪ জনকে সরাসরি ভর্তির সুযোগ দেয়া হয়েছে। বাকি আসনগুলোতে ক্যাচমেন্ট এরিয়া, মুক্তিযোদ্ধা ও সাধারণ কোটায় আগামী ১২ ডিসেম্বর ভর্তির লটারি করা হবে। অধ্যক্ষ জানান, ভর্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ও পোষ্য কোটায় সব আবেদনকারী অগ্রাধিকার পায়। বাকি আসনে শিক্ষা মন্ত্রণালয়ের কোটানীতি অনুসরণ করা হয়।

ভিকারুননিসায় প্রধান ক্যাম্পাস ও তিনটি শাখায় প্রথম শ্রেণীতে ভর্তির লটারি আজ শুরু হবে। চলবে ১৩ ডিসেম্বর পর্যন্ত। ওই প্রতিষ্ঠানে প্রাথমিক বাছাইয়ে প্রায় ৯ হাজার আবেদন নির্বাচন করা হয়েছে। দিবা-প্রভাতী শাখায় বাংলা ও ইংলিশ ভার্সনে এবার প্রায় এক হাজার ২০০ শূন্য আসন আছে। স্কুলের বার্ষিক পরীক্ষার ফলাফলের পর আসন সংখ্যা নির্ণয় শেষে দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীতে ভর্তি শুরু হবে বলে জানা গেছে। মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণীতে ভর্তির লটারি ১৩ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। প্রধান ক্যাম্পাস ও দুটি শাখায় বাংলা ও ইংরেজি ভার্সনে এবার মোট এক হাজার ১৭০ আসন আছে বলে জানা গেছে। এর বিপরীতে আবেদন জমা পড়েছে ১২ হাজার ৭৪৪টি। বার্ষিক পরীক্ষার পর শূন্য আসনের ভিত্তিতে অন্য শ্রেণীতে ভর্তির সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে।